



স্মারক নং : ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.১৫৬.২১. ২০৮

তারিখ : ০৮ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
২২ জুন ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : সিটিজেনস চার্টার বিষয়ে অংশীজনদের অংশগ্রহণে প্রশিক্ষণ কর্মশালা কার্যবিবরণী।

সভাপতি : শাহিন ইসলাম এনডিসি, মহাপরিচালক জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।

তারিখ ও সময় : ১০ জুন ২০২১, সকাল ১০.০০ টা।

স্থান : সভা কক্ষ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।

সভায় উপস্থিতি : উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ঘ' তে দেয়া হলো।

“সভার আলোচ্য বিষয়”


- ১। সিটিজেনস চার্টার বিষয়ক সিদ্ধান্ত গ্রহণ।
- ২। বিবিধ।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক ও সভার সভাপতি শাহিন ইসলাম, এনডিসি সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে এ ইনস্টিটিউটের পরিচালক (প্রকৌশল প্রশিক্ষণ) জনাব মো. নজরুল ইসলাম জানান জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট সিটিজেন চার্টার বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত অংশীজনদের অংশগ্রহণে মতবিনিময় সভার আয়োজন করে থাকে। গত সভায় যে সকল সিদ্ধান্ত পাওয়া গেছে তা সম্পূর্ণ বাস্তবায়ন করা হয়েছে। সভায় তথ্য মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা, বেসরকারি টেলিভিশন ও বিএনএনআরসি ও প্রশিক্ষণার্থীদের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। একজন সম্পদব্যক্তিকে সিটিজেন চার্টার বিষয়ে বিভিন্ন দিক আলোচনা করার জন্য আমন্ত্রণ জানানো হয়। মতবিনিময় সভায় অংশগ্রহণকারীরা সিটিজেন চার্টার বিষয়ে তাদের সুপারিশমালা উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনা শেষে নিম্নরূপ সুপারিশসমূহ গৃহিত হয় :

সুপারিশসমূহ:

- ১) ওয়েব সাইটে সিটিজেনস চার্টারের নিচে পাঠকদের মতামত দেওয়ার সুযোগ থাকতে পারে;
- ২) সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ বিভাগে প্রশিক্ষণ পঞ্জি প্রেরণ করা যেতে পারে।
- ৩) ফাউন্ডেশন ট্রেনিং পরবর্তী রিফ্রেশার্স কোর্স করা যেতে পারে।
- ৪) প্রতি বছর নন-ক্যাডার বিভাগীয় প্রশিক্ষণ নেওয়া যেতে পারে;
- ৫) কোর্সের সংখ্যা ও মেয়াদ বাড়ানো যেতে পারে;
- ৬) জাগই কর্তৃক নির্মিত ডকুমেন্ট গণযোগাযোগ অধিদপ্তরে প্রচারের জন্য প্রেরণ করা যেতে পারে;
- ৭) প্রশিক্ষণের বিজ্ঞপ্তির প্রচার ব্যাপ্তি বাড়ানো যেতে পারে;
- ৮) গণমাধ্যম সম্পর্কিত প্রশিক্ষণ কোর্সের সংখ্যা বাড়াতে হবে;
- ৯) বয়সের সীমা ও শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে;
- ১০) আবাসন ও ওয়াসরুমের পরিচ্ছন্নতা বাড়ানো যেতে পারে;
- ১১) সংবাদ উপস্থাপনাসহ অন্যান্য কোর্সে ব্যবহারিক সেশন বাড়ানো যেতে পারে।

উল্লিখিত সুপারিশ বাস্তবায়ন করার জন্য সভায় সংশ্লিষ্ট সবাইকে আহ্বান জানানো হয়। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভায় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



(শাহিন ইসলাম, এনডিসি)

মহাপরিচালক

দুরালাপনী: ৫৫০৭৯৪২৮